

**দেশব্যাপী 'সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ' প্রতিযোগিতার দ্বিতীয় পর্বের
তৃতীয় দিনে প্রতিবন্ধী কিশোরের চমৎকার সাফল্য**

সাঁতার অন্বেষণ প্রতিযোগিতা 'সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ-২০১৬' এর দ্বিতীয় পর্ব বাছাইয়ের আজ তৃতীয় দিন বুধবার (১৯-১০-২০১৬) সকালে মিরপুরস্থ সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সে শুরু হয়েছে। এর আগে সারা দেশের ৬৪ জেলায় অনুষ্ঠিত প্রাথমিক বাছাই প্রতিযোগিতার মাধ্যমে ১২৭৫ জন দ্বিতীয় পর্বে উন্নীত হয়। বয়সভিত্তিক চারটি ক্যাটাগরিতে ২৭৪ জন ছেলে এবং ৬৫ জন মেয়েসহ সর্বমোট ৩৩৯ জন সাঁতারু প্রতিযোগী অংশগ্রহণ করে। এসময় বাংলাদেশ সুইমিং ফেডারেশনের সভাপতি ও নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ ও সুইমিং ফেডারেশনের সাধারণ সম্পাদক মোঃ রফিজ উদ্দিন রফিজসহ নৌবাহিনীর অন্যান্য কর্মকর্তা ও বিপুল সংখ্যক দর্শক উপস্থিত ছিলেন।



প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের মধ্যে পল্লব কুমার কর্মকার (বয়স ১১) এক পা না থাকার পরও চাঁপাইনবাবগঞ্জ থেকে ঢাকায় এসে প্রতিযোগিতার দ্বিতীয় পর্বে অংশগ্রহণ করে তার বিভাগে সফলতার সাথে পরবর্তী পর্যায়ে উন্নীত হয়। তার বাবা কাজল কর্মকার, মা শিউলী রানী কর্মকার। তার বাড়ী চাঁপাইনবাবগঞ্জের শিবতলা। সে ফতেপুর প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র।

দ্বিতীয় পর্বের বাছাইয়ে প্রতিযোগীদের শারীরিক কাঠামো, সাঁতারের স্টাইল এবং টাইমিং বিবেচনায় বাংলাদেশ সুইমিং ফেডারেশনের নির্বাচন কমিটি তৃতীয় পর্বের জন্য বয়সভিত্তিক নারী ও পুরুষ মোট ১৬০ জন প্রতিযোগীকে মনোনীত করবেন। তৃতীয় পর্বে মনোনীত এই ১৬০ জন প্রতিযোগীদের বিদেশী প্রশিক্ষকের মাধ্যমে ৩ মাসব্যাপী নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে ১৬০ জন হতে সেরা ৬০ জন সাঁতারু নির্বাচন করা হবে। নির্বাচিত সেরা ৬০ জন সাঁতারুর প্রত্যেককে মেডেল, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার দেওয়া হবে।

সেরা ৬০ জন সাঁতারু বাংলাদেশ সুইমিং ফেডারেশনে যোগ দিবেন এবং তাদেরকে বিশ্ব মানের সাঁতারু হিসেবে গড়ে তোলার লক্ষ্যে দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিযোগিতায় বয়সভিত্তিক ৪টি ইভেন্টের চূড়ান্তভাবে বিজয়ী সেরা ৪ জন নারী এবং ৪ জন পুরুষ সাঁতারুকে ৫ লক্ষ করে টাকা প্রদান করা হবে। বিশেষভাবে উল্লেখ্য, সেরা এই সাঁতারুদের লেখাপড়ার ব্যবস্থাসহ যাবতীয় ব্যয়ভার সুইমিং ফেডারেশনের পক্ষ থেকে বহন করা হবে।

উল্লেখ্য, নদীমাতৃক বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিভাবান সাঁতারুদেরকে তুলে আনার লক্ষ্যে বাংলাদেশ সুইমিং ফেডারেশন ও নৌবাহিনীর যৌথ উদ্যোগে এ সাঁতারু অন্বেষণ প্রতিযোগিতা শুরু হয়েছে। পাঁচমাসব্যাপী এর প্রাথমিক বাছাই কার্যক্রমে সারাদেশের ৬৪টি জেলার প্রত্যন্ত অঞ্চল হতে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে প্রতিভাবান সাঁতারুরা অংশগ্রহণ করে।